ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১০৫৭
আগরতলা, ৫ জুন, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

“স্বাস্থ্য পরিষেবা নিয়ে সাধারণ্যে উদ্বেগ আইজিএম হাসপাতালে ওষুধ সংকট,” এই শিরোনামে গত ৩০ মে, ২০২৫ আজকের ফরিয়াদ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই পরিপ্রেক্ষিতে আইজিএম হাসপাতালের মেডিক্যাল সুপারিনটেনডেন্ট এর নির্দেশে গঠিত চার সদস্যের এক তদন্তকারী দলের উক্ত বিষয়ে দেওয়া রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, তদন্ত কমিটির সদস্যরা, গত ২ জুন, ২০২৫ তারিখে আইজিএম হাসপাতালের ডিসপেনসিং রুম এবং জেনেরিক মেডিসিন কাউন্টারে বিষয়টি পুঙ্খানুপুঙ্খভাবে তদন্ত করেছেন। তদন্ত রিপোর্ট অনুসারে রোগীদের সর্বদা বহির্বিভাগের মেডিকেল অফিসারদের দ্বারা নির্ধারিত সমস্ত ওষুধই সরবরাহ করার চেষ্টা করা হয়।আইজিএম হাসপাতালের ডিসপেনসারি এবং স্টোরে ট্যাবলেট প্যারাসিটামল ৬৫০ মিলিগ্রাম ও ৫০০ মিলিগ্রাম, সিরাপ প্যারাসিটামল ১২৫ ও ২৫০, এবং ড্রপ প্যারাসিটামল, অ্যান্টিবায়োটিক্স যেমন অ্যাজিথ্রোমাইসিন (৫০০, ২৫০, সিরাপ ১০০, ২০০ মিলিগ্রাম), ট্যাবলেট অ্যামোক্সিসিলিন+পটাশিয়াম ক্লাভুলেট ৬২৫মিলিগ্রাম,ট্যাবলেট অফলোক্সাসিন+ওরনিডাজল,ট্যাবলেট সেফিক্সিম ১০০/২০০ মিলিগ্রাম, ট্যাবলেট সিপ্রোফ্লক্সাসিন ৫০০ মিলিগ্রাম, ক্যাপসুল ডক্সিসাইক্লিন ১০০মিলিগ্রাম-এই ওষুধগুলি প্রচুর পরিমাণে উপলব্ধ রয়েছে।

*****